

B.A. 5th Semester (Honours) Examination, 2019

বিষয় : বাংলা

পত্র : DSE-2

(উনিশ শতকের বাংলা নাটক ও কথাসাহিত্য)

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) লেবেদেফের বেঙ্গলী থিয়েটারে অভিনীত নাটকটির নাম কী? মূল কোন নাটক থেকে সেটি অনূদিত হয়েছিল?
- (খ) প্রথম বাংলা সামাজিক নাটকের নাম ও রচয়িতার নাম লেখো।
- (গ) বিধবা বিবাহকে কেন্দ্র করে উনিশ শতকে রচিত দুটি নাটকের নাম নাট্যকারসহ লেখো।
- (ঘ) 'পদ্মাবতী' নাটকটি কার লেখা? নাটকটির কাহিনি-উৎস হিসাবে কোন ভাষার পুরাণের সাহায্য নেওয়া হয়েছে?
- (ঙ) 'অলীকবাবু' কী জাতীয় রচনা? এর নাট্যকার কে?
- (চ) নাট্যকারসহ দুটি 'দর্পণ' নাটকের নাম লেখো।
- (ছ) গিরিশচন্দ্র ঘোষের লেখা দুটি সামাজিক নাটকের নাম লেখো।
- (জ) বাংলাভাষায় লেখা প্রথম সার্থক ট্রাজেডি কোনটি? সেটি কত সালে প্রকাশিত হয়?
- (ঝ) 'মধুমতী' নামক গল্পটি কবে, কোথায় প্রথম প্রকাশিত হয়?
- (ঞ) রবীন্দ্রনাথের 'ভিখারিণী' গল্পটি কবে, কোথায় প্রথম প্রকাশিত হয়?
- (ট) উনিশ শতকের একজন মহিলা উপন্যাসিকের নাম লেখো। তাঁর রচিত দুটি উপন্যাসের নাম লেখো।
- (ঠ) 'ফুলমণি ও করুণার বিবরণ'-কার লেখা? তিনি কোন ধর্মাবলম্বী ছিলেন?
- (ড) উনিশ শতকে রচিত রমেশচন্দ্র দত্তের দুটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো। রচনাগুলির প্রকাশকালের উল্লেখ করো।
- (ঢ) 'কপালকুণ্ডলা'-র প্রকাশকাল লেখো। এই উপন্যাসের দুটি নারী চরিত্রের নাম লেখো।
- (ণ) ডমরুধর চরিত্রটি কার সৃষ্টি? তাঁর লেখা একটি উপন্যাসের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'অলীক কুনাটা রঙ্গ মজে লোক রাঢ়ে বঙ্গে,  
নিরখিয়া প্রাণে নাহি সয়।'—  
কে, কোথায় মন্তব্যটি করেছেন? মন্তব্যটির প্রসঙ্গ নির্দেশ করো।

১+১+৩=৫

- (খ) তারাচরণ সিকদার এবং জি.সি. গুপ্ত রচিত নাটকদুটির নাম লেখো। সংক্ষেপে যে-কোনো একটি নাটকের রচনা-বৈশিষ্ট্য বিবৃত করো।

১+১+৩=৫

- (গ) উদ্দেশ্যমূলক নাটক কাকে বলে? উদ্দেশ্যমূলক নাটক হিসেবে 'কুলীনকুলসর্বস্ব' নাটকটির সার্থকতা বিচার করো।  
1+8=৫
- (ঘ) বাংলা উপন্যাসের দৃষ্টান্ত দিয়ে উপন্যাসে উপকাহিনীর উপযোগিতা বিচার করো। 'মহারাক্ষে জীবন-প্রভাত' কার লেখা?  
8+1=৫
- (ঙ) উপন্যাস এবং ছোটগল্পের পার্থক্য কোথায়— বুঝিয়ে দাও। ছোটগল্পের পরিণতি সম্পর্কে প্রচলিত অভিমতগুলি লেখো।  
৩+২=৫
- (চ) ঐতিহাসিক উপন্যাস বলতে কী বোঝায় তা দৃষ্টান্তসহকারে পরিচয় দাও। 'দুরাকাঙ্ক্ষের বৃথাভ্রমণ' কার লেখা?  
8+1=৫

৩। (ক) অথবা (খ)-এর মধ্যে একটি এবং (গ) অথবা (ঘ)-এর মধ্যে একটি প্রশ্নের উত্তর দাও : 10×2=20

- (ক) বাংলা নাটকের আদিপর্বের সময়কাল চিহ্নিত করো। এই পর্বে রচিত এবং অভিনীত নাটকগুলির সাধারণ লক্ষণগুলি উদাহরণসহ আলোচনা করো।  
2+8=10

অথবা

- (খ) কবে, কোথায় বাংলা সাধারণ রঙ্গালয়ের প্রতিষ্ঠা হয়? সাধারণ রঙ্গালয় প্রতিষ্ঠার কারণ উল্লেখ করে তাকে আশ্রয় করে উনিশ শতকীয় নাট্যচর্চার সংক্ষিপ্ত পরিচয় দাও।  
1+1+8=10

- (গ) উনিশ শতকে বাংলা উপন্যাসের উদ্ভবের কাল থেকে বঙ্কিমচন্দ্র পর্যন্ত বাংলা উপন্যাসের ক্রমবিবর্তনের সংক্ষিপ্ত পরিচয় দাও। 'বঙ্গদর্শন' পত্রিকার প্রথম সম্পাদক কে? এই পত্রিকায় প্রকাশিত প্রথম উপন্যাসটির নাম কী?  
8+1+1=10

অথবা

- (ঘ) উনিশ শতকের দুজন প্রধান গল্পকারের নাম লেখো। উনিশ শতকীয় বাংলা গল্পের স্বভাব-বৈশিষ্ট্য আলোচনা করো।  
2+8=10